
# কার্যপত্র- ১




- ছবি দেখে শিশুদের মুক্তভাবে কথোপকথন করতে দেবেন।
- ছবিতে ছেলে-মেয়েরা কী কী খেলছে জিজ্ঞেস করবেন।
- ছবিতে যে খেলাগুলো আছে সেগুলো খেলাতে চেষ্টা করবেন।


## কার্যপত্র- ২

# আমার পরিবার



আদরের মা আমার
মুখে যার হাসি
আমি তোমায় মাগো
বড়ো ভালোবাসি।





ছোটো বোন আমার
ভালোবাসে নাচতে
ঐ যে বাবা আমার
ছাতা তাঁর হাতে।



দাদু-ঠাকুমা বলেন আমায়
কতো যে রূপকথা
কাকা-কাকি খেয়াল রাখেন
সবারই কথা।




ছোটো ভাই আমার
ভালোবাসে মিঠাই
ভালো কিছু খেলে বলে
রাখি কিছু, খাবে দিদিভাই।

☞ কবিতাটি স্পষ্ট উচ্চারণে বলতে এবং শিশুদের ছন্দ মিলিয়ে অঙ্গভঙ্গি করে বলতে দেবেন।

☞ ছবি দেখে শিশুদের মুক্তভাবে কথোপকথন করতে দেবেন।

☞ পরিবারের সম্পর্কগুলোর বিষয়ে বলবেন এবং ঘরোয়া কাজে অংশগ্রহণ করা, বড়োদের সম্মান করা, ছোটোদের স্নেহ করা, ঘর-পোষা প্রাণির যত্ন নেওয়া, পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ইত্যাদি কাজের প্রতি উৎসাহিত করবেন।


# কার্যপত্র- ৩




☞ শিশুদের ঘরের ভিতরে নিজের পরিবারের সদস্যদের ছবি আঁকতে দেবেন এবং কার কার ছবি এঁকেছে প্রত্যেক শিশুকে বলতে বলবেন। এই কার্যে শিক্ষক শিশুদের সহায্য করবেন।

# কার্যপত্র- ৪


(ক)



(খ)



(গ)




☞ (ক) নং ছবিতে বিন্দুগুলো বাঁদিক থেকে ডানদিকে পেন্সিল দিয়ে সংযুক্ত করতে দেবেন।

☞ (খ) নং ছবিতে বিন্দুগুলো ওপর থেকে নীচের দিকে পেন্সিল দিয়ে সংযুক্ত করতে দেবেন।


☞ (গ) নং ছবিতে বিন্দুগুলো নীচের থেকে ওপর দিকে পেন্সিল দিয়ে সংযুক্ত করতে দেবেন।

# কার্যপত্র- ৫

(ক)




(খ)



☞ তির চিহ্নের দিকে বিন্দুগুলো পেন্সিল দিয়ে সংযুক্ত করতে দেবেন।

# কার্যপত্র- ৬




- শিশুদের বিন্দুগুলো সংযোগ করতে দিয়ে গোল, তিনকোণা, চারকোণার আকৃতি শেখাবেন।
- আকৃতি অনুসারে গোলে লাল, তিনকোণায় হলদে, চারকোণায় নীল রং করতে দেবেন।
- পরিবেশ থেকে বিভিন্ন জিনিস সংগ্রহ করে সেগুলো দেখিয়ে কী কী আকৃতির শনাক্ত করতে দেবেন।

# কার্যপত্র- ৭

১।




২।



- ১ম ছবিটি দেখে ২য় ছবিতে যে অংশগুলো নেই সেগুলো খুঁজে বের করে আঁকতে দেবেন।
- ২য় ছবিতে রং করতে দেবেন।
- কম দৃষ্টিসম্পন্ন শিশুর ক্ষেত্রে সঙ্গীরা সাহায্য করবে।


# কার্যপত্র- ৮



বনের পাখি  বনের পাখি
ঘোরে বনে বনে,
বনের বকুল বুঝি তুমি
বিলিয়ে বেড়াও আনমনে।
বুলু বলে বনের পাখি
বকুল দিলো বিলিয়ে,
বালির ঘরে দেবো আমি
বনের পাখির বিয়ে।

☞ কবিতাটি স্পষ্টভাবে উচ্চারণ করে বলবে এবং শিশুদের অঙ্গভঙ্গি করে বলতে দেবেন।


# কার্যপত্র- ৯



☞ প্রতিটি সারির অমিল বেছে নিয়ে ঘের ◯ দিতে দেবেন।

☞ অমিলটির কারণ শিশুদের জিজ্ঞেস করবেন।

# কার্যপত্র- ১০



☞ শিশুদের বিন্দুগুলো সংযোগ করে আকৃতিগুলো সম্পূর্ণ করতে দেবেন।

☞ সবচেয়ে বড়ো তিনকোণা আকৃতিটিতে লাল, সবচেয়ে ছোটো চারকোণা আকৃতিটিতে হলদে এবং সবচেয়ে বড়ো গোল আকৃতিটিতে নীল রং দিতে বলবেন।

